

সমাপনী প্রশ্ন ফাঁস তথ্যপ্রযুক্তি আইনে মামলা

■ সমকাল প্রতিবেদক

চলমান প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় তথ্যপ্রযুক্তি আইনে একটি মামলা করেছে প্রাথমিক শিক্ষা অধিদফতর। গতকাল বুধবার অধিদফতরের পরিচালক (প্রশাসন) মাহবুবুল নাহার খানী হুইয়ে মিরপুর থানায় এ মামলাটি করেন।

বৃহস্পতিবার দুপুরে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক শ্যামল কান্তি ঘোষ সমকালকে জানান, ইন্টারনেটে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িতদের বুঝে বের করতে তথ্যপ্রযুক্তি আইনে এ মামলা করা হয়।

গত ২০ নভেম্বর ২০১৩ সালের প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা দেশজুড়ে শুরু হয়। ইতিমধ্যে অনুষ্ঠিত গণিত, ইংরেজি ও বাংলা পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে অভিযোগ উঠেছে। প্রশ্নপত্র ফেসবুকসহ ইন্টারনেটেও পাওয়া যায় বলে বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশিত হয়।

এরপর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জতিরিক্ত সচিব এসএম আশরাফুল ইসলামের নেতৃত্বে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়।